

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা।

নং-পিএন্ডই-১০/ইনোঃ-২/২০১৭/ ২০(ক)

তারিখঃ ০২/০৩/২০১৭ খ্রি.

গত ২৮/০২/২০১৭ খ্রি. তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ২৮ ফেব্রুয়ারী, ২০১৭ খ্রি. তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় ইনভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	জনাব মোঃ লুৎফুল হক, ইনোভেশন সদস্য	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	ড. মোঃ ছাদেক আহমেদ, ইনোভেশন সদস্য	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ড. মোঃ আব্দুস সামাদ	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই বিএলআরআই এর ২০১৭ সালের ইনোভেশন পরিকল্পনা এবং তদনুযায়ী চলমান ইনভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। বিএলআরআই এর প্রধান কার্যালয়সহ বাঘাবাড়ি ও নাইক্ষ্যংছড়ি আঞ্চলিক কেন্দ্রের সম্মুখে সেবা সহায়ক ডিজিটাল ডিসপ্লে মনিটর স্থাপন প্রসঙ্গে আলোচনায় সিস্টেম এনালিস্ট জনাব মোঃ লুৎফুল হক সভাকে জানান যে, মার্চের প্রথম সপ্তাহের মধ্যেই বিএলআরআই এর প্রধান কার্যালয়ের সম্মুখে সেবা সহায়ক ডিজিটাল ডিসপ্লে মনিটর স্থাপনের জন্য কোটেশন আহবান করা হবে।

২। ই-ফাইলিং এর উপর প্রশিক্ষণ নেয়ার জন্য বিএলআরআই হতে একটি টিম ১৮/৩/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে যাবে। উক্ত প্রশিক্ষিত টিম পরবর্তীতে বিএলআরআই এর অন্যান্য কর্মকর্তা কর্মচারীকে উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন মর্মে সভায় আলোচনা হয়।

৩। কর্মকর্তা কর্মচারীদের বেতন ভাতা ও সিপিএফ হিসাব সহজীকরণের জন্য ওয়েব বেইজড সফটওয়্যার ডেভোলপমেন্ট এর কাজ মার্চ, ২০১৭ এর ২য় সপ্তাহে শুরু হবে বলে সিস্টেম এনালিস্ট জনাব মোঃ লুৎফুল হক সভাকে অবহিত করেন।


৪। ইনস্টিটিউটের বিভিন্ন সভা আল্পান বা তাৎক্ষনিক বার্তা/নোটিশ প্রেরণের জন্য ওয়েব বেইজড সফটওয়্যার ডেভোলপমেন্ট এর কাজ প্রায় সমাপ্ত বলে সিস্টেম এনালিস্ট জনাব মোঃ লুৎফুল হক সভাকে অবহিত করেন। সভায় আগামী ১১-১২ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণের নোটিশটি ওয়েব বেইজড সফটওয়্যার এর মাধ্যমে অংশগ্রহণকারীদের জানানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সিস্টেম এনালিস্ট জনাব মোঃ লুৎফুল হক সভাকে অবহিত করেন যে, আগামী ১৫/৩/২০১৭ খ্রিঃ তারিখ হতেই প্রশিক্ষণপ্রাপ্ত খামারী/উদ্যোক্তাদের ডাটাবেস ও অনলাইনে খামারী/উদ্যোক্তাদের প্রশিক্ষণের আবেদন গ্রহণের কাজ তৈরিকৃত সফটওয়্যার এর মাধ্যমে শুরু করা যাবে।

৬। প্রকাশিত সকল প্রযুক্তি ও নির্দেশিকাসমূহ বিএলআরআই এর ওয়েব সাইটে প্রকাশের জন্য যেসকল প্রযুক্তি ও নির্দেশিকা সমূহের সফটকপি সংরক্ষিত আছে সেগুলো প্রকাশনা কর্মকর্তার নিকট হতে সংগ্রহ করার জন্য উনাকে একটি চিঠি প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বাকীসব প্রযুক্তি ও নির্দেশিকাসমূহ স্ক্যান করে ওয়েব সাইটে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। বিভিন্ন প্রযুক্তির এনিমেটেড ভিডিও ম্যানুয়েল তৈরির জন্য বাজেট প্রণয়ন ও এর অনুমোদনের জন্য মহাপরিচালক বরাবর

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. নাসরিন সুলতান)
চীফ ইনোভেশন অফিসার

অনুলিপিঃ

- ১। জনাব মোঃ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ২। ড. সরদার মোহাম্মদ আমানুল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৩। ড. ছাদেক আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৪। ড. মোঃ আব্দুস সামাদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনোভেশন সদস্য, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএলআরআই, সাভার, ঢাকা।
- ৬। অফিস নথি।